



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, চোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

জরুরী বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২৩ সালে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফিসমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরী নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

জরুরী নির্দেশাবলি

- i. বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন ছাত্র/ছাত্রী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;
- ii. জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ২১৩/= (দুইশত তের) টাকা ও
খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ৩৫৩/= (তিনশত তিপান্ন) টাকা মাত্র;
- iii. বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/= (একশত চল্লিশ) টাকা মাত্র;
- iv. সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালসন নাগাদ স্বীকৃতি থাকতে হবে এবং বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;
- v. নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- vi. ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের (www.mymensingheducationboard.gov.bd) eSIF(SSC) এর আওতায় বিদ্যালয়ের EIIN এবং বোর্ড হতে প্রদানকৃত Password দিয়ে লগইন করতে হবে। তারপর Dashboard থেকে eSIF এ Click করার পর যে পেইজ আসবে তা হতে eSIF মেনু হতে eSIF Nine Registration এ Click করে রেজিস্ট্রেশন আবেদন FORM এ প্রবেশ করতে হবে। আবেদন FORM সঠিকভাবে পূরণ করে নীচে SUBMIT বাটনে Click করতে হবে। এভাবে পুনঃপুন সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। সকল রেজিস্ট্রেশন সম্পন্নের পর শিক্ষার্থীদের তালিকা Nine Temporary তে চলে যাবে। অতঃপর Temporary LIST পর্যবেক্ষণের পর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ফিস প্রদান করতে হবে। ফিস প্রদানের জন্য eSIF Nine Payslip এ Click করে তা প্রদান করতে হবে। ফিস প্রদানের পর eSIF Nine Sonali Verify এ Click করার পর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তালিকা Registration List চলে যাবে এবং পরবর্তীতে Print Registration এ Click করে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তালিকা প্রিন্ট করতে হবে;
- vii. ফি জমাদান ও eSIF পূরণের তারিখ: জরিমানা ছাড়া ৩০ আগষ্ট ২০২৩ থেকে ০২ অক্টোবর ২০২৩ পর্যন্ত;

রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি এর হার নিম্নরূপঃ

ক. অনলাইন রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)	৮০/=
খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি)	৫০/=
গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি)	০৮/=
ঘ. বয় স্কাউটস/ গার্লস গাইড ফি (শিক্ষার্থী প্রতি)	১৫/=
ঙ. বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি)	০৫/=
চ. বি.এন.সি.সি. ফি (শিক্ষার্থী প্রতি)	০৫/=
ছ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি)	৫০/=
জ. বিলম্ব ফি (শিক্ষার্থী প্রতি)	১৪০/=
এ৩. ফি- এর পরিমাণ (বিলম্ব ফি ব্যতিত).....	২১৩/=
(বিলম্ব ফিসহ)	৩৫৩/=

- * শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী প্রতি ২০/= (বিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করবেন। এর মধ্যে ০৮/- (আট) টাকা রেডক্রিসেন্ট ফি হিসেবে অন্যান্য ফি-এর সাথে জমা দিতে হবে। অবশিষ্ট ১২/- (বার) টাকা শিক্ষা প্রতিষ্ঠানের রেডক্রিসেন্ট তহবিলে জমা হবে।

viii. ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নাই;

ix. অনলাইন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর (অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে ভালভাবে চেক করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের সংযুক্ত করা যাবে না) চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীদের তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

x. উপযুক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ


(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং ৭২৪(৭)

তারিখ: ২৮.০৮.২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. সহকারী প্রোগ্রাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. পি এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।


28.08.2023
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
26-08-23